


—০০—
ঢাকা ওয়াসা


- ১। ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। কোটেশনের কপি- ২টি।
- ৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।


বিষয়:- মডস জোন-৮ এর অফিস চলাকালীন সময়ে আপ্যায়নের জন্য ব্যবহৃত ক্রোকারিজ মালামাল ক্রয় প্রসঙ্গে।


১। সংযুক্ত ক্রমিক নং ১ থেকে ৩ পর্যন্ত দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৮ এর নির্বাহী প্রকৌশলীর কার্যালয় অফিসে উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন অফিস ও বাহিরের গণ্যমান্য ব্যাক্তিবর্গসহ আপ্যায়নে ব্যবহারের জন্য কিছু সংখ্যক ক্রোকারিজ মালামাল যেমন- সিরামিক বড় প্লেট ০৬ (ছয়)টি, সিরামিক বড় বাটি ০৪ (চার)টি, ছোট সাইজের বাটি ০৬ (ছয়)টি, গ্লাস ০৬ (ছয়)টি, কাচের জগ ০১ (এক)টি, বড় চাম্চ ০২ (দুই)টি, তরকারি চাম্চ ০৪ (চার)টি, চা' চাম্চ ০৬ (ছয়)টি, বড় কাটা চাম্চ ০৬ (ছয়)টি, কাপ-প্রিচ ০৬ (ছয়)টি, বড় তোয়ালে ০৪ (চার)টি এবং ছোট তোয়ালে ০২ (দুই)টি ক্রয় করা প্রয়োজন। কিন্তু বর্তমানে যেগুলো রয়েছে সে গুলো পরিমাণে কম ও অনেক দিনের পুরাতন হওয়ায় সম্মানিত ব্যাক্তিবর্গের কাছে ব্যবহার করতে দিতে অসুবিধা হচ্ছে। এছাড়াও আগের তোয়ালে গুলো নষ্ট হওয়াতে নতুন করে ক্রয় করতে হচ্ছে। তাই উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন অফিস ও বাহিরের গণ্যমান্য ব্যাক্তিবর্গের আপ্যায়ন ও ব্যবহার করার উদ্দেশ্যে উক্ত মালামাল গুলো দ্রুত ক্রয় করা প্রয়োজন। উল্লেখিত মালামাল ক্রয় কাজ সম্পাদন করার জন্য বর্তমান বাজার দর কোটেশন অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হলো। যার টাকার পরিমান দাঁড়িয়েছে মোট = ২৪,৯৬০/- (চব্বিশ হাজার নয়শত ষাট) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার অত্র বিভাগের অনুকূলে ২০২৫-২০২৬ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার "ক্রমিক নং-১৮.২"এ যাহার কোড নং- (০১-০২-০১৬) এর মূদ্রণ ও মনোহারী খাত হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে।

২। এমতাবস্থায়, মডস জোন-৮ এ নির্বাহী প্রকৌশলী মহোদয়ের দপ্তরে উল্লেখিত মালামাল গুলো ক্রয় করার জন্য সর্বমোট টাঃ = ২৪,৯৬০/- (চব্বিশ হাজার নয়শত ষাট) টাকা মাত্র এর প্রাক্কলনটি পিপিআর-২০২৫ এর ১০০(১) ধারা অনুযায়ী সরাসরি ক্রয় হিসাবে কাজটি সম্পন্ন করার অনুমোদনের জন্য নথিখানা প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে। কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।



২৯/১০/২৫
মোহাম্মদ আব্দুল মতিন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-০৮
ঢাকা ওয়াসা।


২৭.১০.২৫
মোঃ মোস্তফা
সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।


২৯/১০/২৫
অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।


৩০/১০/২৫
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

১। প্রাপ্ত/অর্জিত


৩০/১০/২৫
প্রকৌশলী মোঃ আব্দুল মালিক
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।